

🗏 আল-আহ্যাব | Al-Ahzab | ٱلْأَحْزَاب

আয়াতঃ ৩৩:৩

আরবি মূল আয়াত:

وَّ تَوَكَّل عَلَى اللهِ ١٠ وَ كَفَى بِاللهِ وَكِيلًا ﴿ ٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর তুমি আল্লাহর উপর তাওয়াকুল কর এবং কর্মবিধায়ক হিসেবে আল্লাহই যথেষ্ট। — আল-বায়ান আর তুমি নির্ভর কর আল্লাহর উপর, কর্ম সম্পাদনে আল্লাহই যথেষ্ট। — তাইসিরুল আর তুমি নির্ভর কর আল্লাহর উপর এবং কর্মবিধায়ক হিসাবে আল্লাহই যথেষ্ট। — মুজিবুর রহমান

And rely upon Allah; and sufficient is Allah as Disposer of affairs. — Sahih International

৩. এবং আপনি নির্ভর করুন আল্লাহর উপর। আর কর্মবিধায়ক হিসেবে আল্লাহই যথেষ্ট।

তাফসীরে জাকারিয়া

- (৩) তুমি আল্লাহর ওপর নির্ভর কর,[1] কর্মবিধানে আল্লাহই যথেষ্ট।[2]
 - [1] সকল ব্যাপারে ও সকল অবস্থাতে।
 - [2] ঐ সকল মানুষের জন্য যারা তাঁর উপর ভরসা রাখে এবং তাঁর দিকে প্রত্যাবর্তন করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=3536

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন